নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০০৫.২০-২২৫

তারিখ: ১৮ কার্তিক ১৪২৭ / ০৩ নভেম্বর ২০২০

**বিষয়: ইউনিয়ন পরিষদের সাধারণ/উপনির্বাচন অনুষ্ঠান সংক্রান্ত**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ২০ এবং স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ অনুসারে মাননীয় নির্বাচন কমিশন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, সংরক্ষিত ওয়ার্ডের সদস্য ও সাধারণ ওয়ার্ডের সদস্য পদে সাধারণ নির্বাচন (সংলগ্নী-১) এবং বিভিন্ন শূন্য পদে উপনির্বাচন (সংলগ্নী-২) অনুষ্ঠানের লক্ষ্যে নিম্নরূপভাবে সময়সূচি নির্ধারণ করেছেন:

| | | | |
|---|---|---|---|
| মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ১৫ নভেম্বর ২০২০ | রবিবার |
| রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ১৭ নভেম্বর ২০২০ | মঙ্গলবার |
| প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ২৩ নভেম্বর ২০২০ | সোমবার |
| **ভোটগ্রহণের তারিখ** | : | **১০ ডিসেম্বর ২০২০** | **বৃহস্পতিবার** |

২। **প্রার্থিতা বিষয়ক অন্যান্য কার্যক্রম :** উল্লিখিত সময়সূচি অনুযায়ী বিধি ১৫ অনুসারে মনোনয়নপত্র গ্রহণ বা বাতিল আদেশের বিরুদ্ধে আপিল দায়েরের শেষ তারিখ **২০ নভেম্বর ২০২০** এবং দায়েরকৃত আপিল **২২ নভেম্বর ২০২০** তারিখের মধ্যে নিষ্পত্তি করতে হবে। তাছাড়া প্রার্থিতা প্রত্যাহারের জন্য শেষ তারিখ **২৩ নভেম্বর ২০২০** এবং পরের দিন অর্থাৎ **২৪ নভেম্বর ২০২০ তারিখে প্রতীক বরাদ্দের** কার্যক্রম সম্পন্ন করতে হবে। মনোনয়ন ও প্রার্থিতা বিষয়ক অন্যান্য কার্যক্রম উল্লিখিত সময়সূচির সাথে সমন্বয় করে সম্পন্ন করতে হবে।

৩। **রিটার্নিং অফিসার নিয়োগ :** স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর ৫ বিধি অনুসারে সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা বা জেলা নির্বাচন কর্মকর্তাকে নির্বাচন পরিচালনার উদ্দেশ্যে, প্রতিটি ইউনিয়ন পরিষদের জন্য সংশ্লিষ্ট উপজেলা অফিসারকে বা, ক্ষেত্রমত পাশ্ববর্তী উপজেলার উপজেলা নির্বাচন অফিসারকে রিটার্নিং অফিসার নিয়োগ করতে হবে।

৪। **আপিল কর্তৃপক্ষ নিয়োগ :** স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১৫ অনুযায়ি আপিল কর্তৃপক্ষ হিসেবে সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা/জেলা নির্বাচন কর্মকর্তা নিয়োজিত থাকবেন।

৫। **ভোটগ্রহণের সময়সীমা :** বর্ণিত তফসিল অনুসারে ইউনিয়ন পরিষদের নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে ভোটগ্রহণ করা হবে।

৬। **সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনে অফিস খোলা রাখা :** উল্লিখিত সময়সূচি অনুসারে কার্যক্রম গ্রহণের লক্ষ্যে বিশেষ করে মনোনয়নপত্র বাছাইয়ের বিরুদ্ধে আপিল গ্রহণের দিনসমূহ প্রতীক বরাদ্দসহ গুরুত্বপূর্ণ দিনে রিটার্নিং অফিসারের অফিস, জেলা কর্মকর্তার অফিস ও উপজেলা নির্বাচন কর্মকর্তার অফিস সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনে **সকাল ৯.০০ মি. হতে বিকাল ৫.০০ মি.** পর্যন্ত খোলা রেখে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের উপস্থিতি নিশ্চিত করতে হবে। তাছাড়া প্রয়োজনে অফিস সময়ের পরেও অফিস খোলা রাখার বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৭। **প্রার্থী মনোনয়নের জন্য নিবন্ধিত রাজনৈতিক দলকে অবহিতকরণ :** স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর বিধান এবং বিধিমালার বিধি ১২ এর উপবিধি (৩) এর দফা (গ) এর উপদফা (ঈ) অনুসারে চেয়ারম্যান পদে নিবন্ধিত রাজনৈতিক দল কর্তৃক প্রার্থী মনোনয়নের সুবিধার্থে সময়সূচির বিজ্ঞপ্তি প্রচারের পর পর নিবন্ধিত সকল রাজনৈতিক দলকে অবহিত করতে হবে।

৮। **প্রতীক বরাদ্দের প্রত্যয়ন :** সর্বশেষ সংশোধিত বিধিমালা অনুসারে রিটার্নিং অফিসার কর্তৃক প্রতীক বরাদ্দ করতে হবে। প্রতীক বরাদ্দের পর সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন অফিসার এবং জেলা নির্বাচন অফিসারকে তা যাচাই করে প্রত্যয়নপত্র প্রদান করতে হবে। সংশ্লিষ্ট আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা এ বিষয়ক কার্যক্রম গুরুত্বের সাথে তত্ত্বাবধান করবেন।

৯। **স্বাস্থ্য বিধি ও সরকারি নির্দেশনা প্রতিপালন:** স্বাস্থ্য বিধি ও সরকারি নির্দেশনা প্রতিপালনের মাধ্যমে জনস্বাস্থ্য নিশ্চিত করে নির্বাচনি প্রচারণা, ভোটগ্রহণ ও নির্বাচনি অন্যান্য কার্যক্রম গ্রহণের নির্দেশনা প্রদান এবং ইতঃপূর্বে অনুষ্ঠিত জাতীয় সংসদের শূন্য আসনের নির্বাচন উপলক্ষে প্রদত্ত নির্দেশনার আলোকে প্রচার কার্যে নিষেধাজ্ঞা আরোপ ও অন্যান্য ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১০। একই এলাকায় একাধিক নির্বাচনের কারণে নিম্নের নির্বাচন ০৭ ডিসেম্বর ২০২০ এবং ১৩ ডিসেম্বর ২০২০ তারিখে অনুষ্ঠানের সিদ্ধান্ত প্রদান করা হয়েছে।

| ক্রম | জেলা | উপজেলা | নির্বাচন | ভোটগ্রহণের তারিখ |
|---|---|---|---|---|
| ১. | চাঁপাইনবাবগঞ্জ | ভোলাহাট | দলাদলি ইউনিয়নের শূন্য চেয়ারম্যান পদে উপনির্বাচন | **১৩ ডিসেম্বর ২০২০** (জেলা পরিষদের ২নং ওয়ার্ডের সদস্য পদে নির্বাচন ১০ ডিসেম্বর) |
| ২. | ব্রাহ্মণবাড়িয়া | বাঞ্ছারামপুর | দড়িকান্দি ইউনিয়নের ৭নং সাধারণ ওয়ার্ডের শূন্য সদস্য পদে উপনির্বাচন | **০৭ ডিসেম্বর ২০২০** (বাঞ্ছারামপুর পৌরসভার সাধারণ নির্বাচন ১০ ডিসেম্বর ২০২০) |
| ৩. | কুমিল্লা | ব্রাহ্মণপাড়া | চান্দলা ইউনিয়নের ৮নং সাধারণ ওয়ার্ডের শূন্য সদস্য পদে উপনির্বাচন | **০৭ ডিসেম্বর ২০২০** (ব্রাহ্মণপাড়া উপজেলা পরিষদের শূন্য চেয়ারম্যান পদে উপনির্বাচন ১০ ডিসেম্বর ২০২০) |
| ৪. | ফেনী | ছাগলনাইয়া | মহামায়া ইউনিয়নের ৯নং সাধারণ ওয়ার্ডের শূন্য সদস্য পদে উপনির্বাচন | **০৭ ডিসেম্বর ২০২০** (জেলা পরিষদের শূন্য চেয়ারম্যান পদে নির্বাচন ১০ ডিসেম্বর ২০২০) |

১১। **অন্যান্য নির্দেশনা :**

(ক) **পার্বত্য এলাকায় হেলিসটি সহযোগিতা** প্রয়োজন হলে প্রার্থিতা প্রত্যাহারের পরপরই নির্বাচনের দায়িত্ব পালনরত কর্মকর্তা, আইন শৃঙ্খলা বাহিনীর সদস্য, মালামাল, ভোটকেন্দ্রের তালিকা, যাওয়া আসাসহ কত দিনের জন্য হেলিসটি সাপোর্টের প্রয়োজন হবে তা বিস্তারিত তথ্যসহ ইতোপূর্বে অনুষ্ঠিত উপজেলা/ইউনিয়ন পরিষদ নির্বাচনের ন্যায় সংশ্লিষ্ট জেলা নির্বাচন অফিসার, উপজেলা নির্বাচন অফিসার ও রিটার্নিং অফিসারের সাথে সমন্বয় করে নির্বাচন কমিশন সচিবালয়ে চাহিদা প্রেরণ করবেন। পরবর্তীতে আর্মড ফোর্সেস ডিভিশনের সাথে সমন্বয় করে হেলিসটি সাপোর্টের ব্যবস্থা করা হবে।

(খ) **ভোটকেন্দ্রে সকালে ব্যালট** প্রেরণের প্রয়োজন হলে সিনিয়র/জেলা নির্বাচন অফিসার ও উপজেলা নির্বাচন অফিসার, জেলা প্রশাসন, উপজেলা প্রশাসন ও জেলা পুলিশ কর্তৃপক্ষের সাথে আলোচনার মাধ্যমে সার্বিক পরিস্থিতি বিবেচনা করে চাহিদা প্রেরণ করবেন। তাদের চাহিদার ভিত্তিতে এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা হবে।

(গ) সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে নির্বাচন কমিশনের নির্দেশনা অনুসারে যাবতীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।

(ঘ) আইন, বিধি এবং ইতঃপূর্বে জারিকৃত পরিপত্র ও অন্যান্য নির্দেশনা অনুসরণপূর্বক প্রাসঙ্গিক কার্যক্রম গ্রহণ করতে হবে।

১২। বর্ণিতাবস্থায়, উল্লিখিত নির্দেশনা অনুসারে সংলগ্নী-১ ও সংলগ্নী-২ এ উল্লিখিত ইউনিয়ন পরিষদের সাধারণ/উপনির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।

০৩/১১/২০২০

সংলগ্নী: উপরে বর্ণিত


**মোঃ আতিয়ার রহমান**
উপসচিব
নির্বাচন পরিচালনা-২
ফোন: ০২-৫৫০০৭৫২৫
E-mail:sasemc1@gmail.com


১। সিনিয়র/জেলা নির্বাচন অফিসার, ................. (সংশ্লিষ্ট)
২। উপজেলা নির্বাহী অফিসার,........................... (সংশ্লিষ্ট)
৩। উপজেলা নির্বাচন অফিসার, ......................... (সংশ্লিষ্ট)

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০০৫.২০-২২৫ তারিখ: ১৮ কার্তিক ১৪২৭ / ০৩ নভেম্বর ২০২০

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/ প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২. গভর্ণর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৩. সিনিয়র সচিব/সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/ জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/ব্যাংক
৪. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৫. সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা/আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. মহাপরিচালক,বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)/কোস্টগার্ড, ঢাকা
৭. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. বিভাগীয় কমিশনার ......... ...... ......... (সংশ্লিষ্ট) বিভাগ
৯. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০. উপ মহাপুলিশ পরিদর্শক, ......... ...... ......... (সংশ্লিষ্ট রেঞ্জ)
১১. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২. মহাপরিচালক, নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৩. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [উক্ত বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি করার জন্য অনুরোধ করা হল]
১৪. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ]
১৫. জেলা প্রশাসক, ....... ...... ............................ (সংশ্লিষ্ট) ও আপিল কর্তৃপক্ষ
১৬. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ......... ...... ......... (সংশ্লিষ্ট)
১৭. পুলিশ সুপার, ......... ...... .........(সংশ্লিষ্ট)
১৮. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৯. জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, ........ ........... ......... ......... (সংশ্লিষ্ট)
২০. জেলা তথ্য অফিসার, ......... ........... .......... ......... .......... (সংশ্লিষ্ট)
২১. প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
২২. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ............. ........... .......... ................ এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার জনাব ........ ......... ......... ........... এর সদয় অবগতির জন্য)
২৩. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের এর সদয় অবগতির জন্য)
২৪. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (......... ......... সংশ্লিষ্ট শাখা), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৫. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ........ ......... .......... ............ .............. (সংশ্লিষ্ট থানা)।

০৩/১১/২০২০
(মোহাম্মদ আশিফাকুর রহমান)
সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-২

সংলগ্নী -১

## ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচনের বিবরণী

| ক্রম | জেলার নাম | উপজেলার নাম | ইউনিয়নের নাম | পদের নাম |
|---|---|---|---|---|
| ১. | কুড়িগ্রাম | রৌমারী | দাঁতভাঙ্গা | সাধারণ |
| ২. | | | বন্দবেড় | সাধারণ |
| ৩. | | | চর শৌলমারী | সাধারণ |
| ৪. | বরিশাল | মেহেন্দিগঞ্জ | উত্তর উলানিয়া | সাধারণ |
| ৫. | | | দক্ষিণ উলানিয়া | সাধারণ |
| ৬. | রাঙ্গামাটি | বিলাইছড়ি | বড়থলি | সাধারণ |

মোহাম্মদ আশফাকুর রহমান
সহকারী সচিব
নির্বাচন কমিশন সচিবালয়

সংলগ্নী-২

## ইউনিয়ন পরিষদের বিভিন্ন শূন্য চেয়ারম্যান, সাধারণ ওয়ার্ডের সদস্য ও সংরক্ষিত ওয়ার্ডের সদস্য পদে উপনির্বাচনের বিবরণী

| ক্রম | জেলার নাম | উপজেলার নাম | ইউনিয়নের নাম | পদের নাম |
|---|---|---|---|---|
| ১. | পঞ্চগড় | সদর | চাকলাহাট | ৯নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ২. | | বোদা | বোদা | ৪নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৩. | ঠাকুরগাঁও | সদর | আউলিয়াপুর | ৪নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৪. | | হরিপুর | আমগাঁও | ১নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৫. | দিনাজপুর | চিরিরবন্দর | সাইতাড়া | ৫নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৬. | | খানসামা | গোয়ালডিহি | ৯নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৭. | কুড়িগ্রাম | নাগেশ্বরী | রামখানা | ৭নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৮. | নীলফামারী | কিশোরগঞ্জ | পুটিমারী | ২নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৯. | নাটোর | গুরুদাসপুর | বিয়াঘাট | ৩নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ১০. | | | চাপিলা | ২নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ১১. | | | মশিন্দা | ৩নং সংরক্ষিত ওয়ার্ড সদস্য |
| ১২. | | সিংড়া | লালোর | ১নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ১৩. | | | শেরকোল | ৯নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ১৪. | | বড়াইগ্রাম | বড়াইগ্রাম | ৫নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ১৫. | সিরাজগঞ্জ | উল্লাপাড়া | হাটিকুমরুল | ৬নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ১৬. | কুষ্টিয়া | দৌলতপুর | মথুরাপুর | ৩নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ১৭. | | | দৌলতপুর | ৭নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ১৮. | ঝিনাইদহ | কোটচাঁদপুর | এলাঙ্গী | ১নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ১৯. | | মহেশপুর | পান্তাপাড়া | ৩নং সংরক্ষিত ওয়ার্ড সদস্য |
| ২০. | নড়াইল | সদর | তুলারামপুর | ১নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ২১. | সাতক্ষীরা | আশাশুনি | কুল্যা | ৫নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ২২. | | তালা | কুমিরা | ৩নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ২৩. | | কলারোয়া | জালালাবাদ | ২নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ২৪. | বরগুনা | বামনা | বামনা | ৪নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ২৫. | | পাথরঘাটা | রায়হানপুর | ৫নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ২৬. | | বেতাগী | বিবিচিনি | ৫নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ২৭. | বরিশাল | বাবুগঞ্জ | কেদারপুর | ১নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ২৮. | জামালপুর | সরিষাবাড়ী | আওনা | ৩নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ২৯. | | | মহাদান | ২নং সংরক্ষিত ওয়ার্ড সদস্য |
| ৩০. | | মেলান্দহ | দুরমুট | ৭নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৩১. | শেরপুর | ঝিনাইগাতী | গৌরীপুর | ৮নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৩২. | নেত্রকোনা | মোহনগঞ্জ | সমাজ সহিলদেও | ৩নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৩৩. | | বারহাট্টা | আসমা | ৪নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৩৪. | কিশোরগঞ্জ | সদর | বৌলাই | ২নং সংরক্ষিত ওয়ার্ড সদস্য |
| ৩৫. | ময়মনসিংহ | সদর | বোররচর | ১নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৩৬. | | নান্দাইল | জাহাঙ্গীরপুর | চেয়ারম্যান |
| ৩৭. | টাঙ্গাইল | গোপালপুর | আলমনগর | ৮নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৩৮. | ঢাকা | নবাবগঞ্জ | আগলা | ৭নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৩৯. | | কেরাণীগঞ্জ | তেঘরিয়া | ২নং সংরক্ষিত ওয়ার্ড সদস্য |
| ৪০. | গাজীপুর | শ্রীপুর | গাজীপুর | ২নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ৪১. | মুন্সীগঞ্জ | সদর | শিলই | ৪নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৪২. | রাজবাড়ী | সদর | বানীবহ | ৭নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৪৩. | | পাংশা | মৌরাট | ৫নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৪৪. | নারায়ণগঞ্জ | বন্দর | কলাগাছিয়া | ১নং সংরক্ষিত ওয়ার্ড সদস্য |
| ৪৫. | নরসিংদী | মনোহরদী | গোতাশিয়া | চেয়ারম্যান |
| ৪৬. | | রায়পুরা | মির্জাপুর | ২নং সংরক্ষিত ওয়ার্ড সদস্য |
| ৪৭. | | | উত্তর বাখরনগর | ২নং সাধারণ ওয়ার্ড সদস্য |

| ক্রম | জেলার নাম | উপজেলার নাম | ইউনিয়নের নাম | পদের নাম |
|---|---|---|---|---|
| ৪৮. | | শিবপুর | দুলালপুর | ২নং সংরক্ষিত ওয়ার্ড সদস্য |
| ৪৯. | শরীয়তপুর | সদর | শৌলপাড়া | ৪নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৫০. | | ভেদরগঞ্জ | ডিএম খালি | চেয়ারম্যান |
| ৫১. | মৌলভীবাজার | সদর | একাটুনা | ১নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৫২. | | | গিয়াসনগর | ৬নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৫৩. | | রাজনগর | কামারচাক | ১নং সংরক্ষিত ওয়ার্ড সদস্য |
| ৫৪. | | কুলাউড়া | বরমচাল | চেয়ারম্যান |
| ৫৫. | হবিগঞ্জ | সদর | রাজিউড়া | চেয়ারম্যান |
| ৫৬. | | চুনারুঘাট | উবাহাটা | ৩নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৫৭. | কুমিল্লা | লাকসাম | মুদাফরগঞ্জ উত্তর | ৩নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৫৮. | | মুরাদনগর | রামচন্দ্রপুর উত্তর | চেয়ারম্যান |
| ৫৯. | | চান্দিনা | মাইজখার | ৭নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৬০. | | নাঙ্গালকোট | আদ্রা দঃ | ৮নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৬১. | চাঁদপুর | সদর | চান্দ্রা | ৫নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৬২. | লক্ষ্মীপুর | সদর | তেওয়ারীগঞ্জ | ৫নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৬৩. | | রামগঞ্জ | করপাড়া | ৪নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৬৪. | চট্টগ্রাম | ফটিকছড়ি | নানুপুর | ৬নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৬৫. | | হাটহাজারী | গুমানমর্দ্দন | ১নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৬৬. | কক্সবাজার | কুতুবদিয়া | লেমশীখালী | ২নং সংরক্ষিত ওয়ার্ড সদস্য |
| ৬৭. | | | দক্ষিণ ধুরুং | ২নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৬৮. | রাঙ্গামাটি পার্বত্য জেলা | সদর | মগবান | চেয়ারম্যান |

মোহাম্মদ আশফাকুর রহমান
সহকারী সচিব
নির্বাচন কমিশন সচিবালয়

# একই জেলায় একাধিক নির্বাচনের ক্ষেত্রে বিকল্প সময়সূচি

ভোটগ্রহণ: ৭ ডিসেম্বর ২০২০

| | | | |
|---|---|---|---|
| মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ১০ নভেম্বর ২০২০ | মঙ্গলবার |
| মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ১১ নভেম্বর ২০২০ | বুধবার |
| আপিল দায়ের | : | ১২-১৪ নভেম্বর ২০২০ | বৃহস্পতি-শনিবার |
| আপিল নিস্পত্তি | : | ১৫-১৬ নভেম্বর ২০২০ | রবি-সোমবার |
| প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ১৭ নভেম্বর ২০২০ | মঙ্গলবার |
| প্রতীক বরাদ্দ | : | ১৮ নভেম্বর ২০২০ | বুধবার |
| **ভোটগ্রহণ** | : | **০৭ ডিসেম্বর ২০২০** | **সোমবার** |

ভোটগ্রহণ: ১৩ ডিসেম্বর ২০২০

| | | | |
|---|---|---|---|
| মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ১২ নভেম্বর ২০২০ | বৃহস্পতিবার |
| মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ১৫ নভেম্বর ২০২০ | রবিবার |
| আপিল দায়ের | : | ১৬-১৮ নভেম্বর ২০২০ | সোম-বুধবার |
| আপিল নিস্পত্তি | : | ১৯-২১ নভেম্বর ২০২০ | বৃহস্পতি-শনিবার |
| প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ২২ নভেম্বর ২০২০ | রবিবার |
| প্রতীক বরাদ্দ | : | ২৩ নভেম্বর ২০২০ | সোমবার |
| **ভোটগ্রহণ** | : | **১৩ ডিসেম্বর ২০২০** | **শনিবার** |